# হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস্ লিঃ
# HAKKANI PULP & PAPER MILLS LTD.

## ২৮তম বার্ষিক সাধারন সভার বিজ্ঞপ্তি

এই মর্মে **হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস্ লিঃ** এর সম্মানিত শেয়ারহোল্ডারদের অবহিত করা হচ্ছে যে, কোম্পানীর **২৮তম বার্ষিক সাধারণ সভা** আগামী **২১ ডিসেম্বর ২০২৪ রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকায় হাইব্রিড পদ্ধতিতে অর্থাৎ ডিজিটাল প্লাটফর্ম (লিঙ্ক : https://agmbd.live/hakkanipul2024)** এবং সম্মানিত শেয়ারহোল্ডারদের **স্বশরীরে অংশগ্রহনের মাধ্যমে গ্রান্ড তাসফিয়া কনভেনশন হল, আনন্দিপুর , পিসি রোড, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।**

**সভার আলোচ্য বিষয় নিম্নরূপঃ**

| | |
|---|---|
| আলোচ্য বিষয়-০১ | ঃ কোম্পানীর ৩০ জুন ২০২৪ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী, নিরীক্ষা প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহন, বিবেচনা ও অনুমোদন। |
| আলোচ্য বিষয়-০২ | ঃ ৩০ জুন ২০২৪ তারিখে সমাপ্ত বৎসরের জন্য পরিচালক পর্ষদের সভায় সুপারিশকৃত লভ্যাংশ ঘোষণা ও অনুমোদন। |
| আলোচ্য বিষয়-০৩ | ঃ কোম্পানীর সংঘবিধির ধারা ৮২ অনুযায়ী পরিচালকের নিয়োগ / পূণঃনিয়োগ অনুমোদন। |
| আলোচ্য বিষয়-০৪ | ঃ কোম্পানীর ৩০ জুন ২০২৫ তারিখে সমাপ্তব্য বৎসরের জন্য নিরীক্ষক নিয়োগ এবং তাদের পারিশ্রমিক নির্ধারণ। |
| আলোচ্য বিষয়-০৫ | ঃ কোম্পানীর ৩০ জুন ২০২৫ তারিখে সমাপ্তব্য বৎসরের জন্য কর্পোরেট গভর্ন্যান্স কমপ্লাইয়েন্সের জন্য নিরীক্ষক নিয়োগ এবং তাদের পারিশ্রমিক নির্ধারণ। |
| আলোচ্য বিষয়-০৬ | ঃ কোম্পানীর সাথে স্বার্থ সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের লেনদেন সমুহ **(Related Party Transactions)** বিবেচনা ও অনুমোদন। (BSEC Notification No- BSEC/CMRRCD/2009-193/Admin/103 dated 05/02/2020 এর আলোকে নিরীক্ষিত হিসাব বিবরনীর ৪০ নং নোটে প্রদর্শিত আছে)। |

**পরিচালকমন্ডলীর আদেশক্রমে,**

তারিখঃ চট্টগ্রাম।
অক্টোবর ২৬ ,২০২৪

QR code for Digital platform of AGM

**মোহাম্মদ মূসা**
**কোম্পানী সচিব**

**বিশেষ দ্রষ্টব্যঃ**

১. অত্র কোম্পানীর **"রেকর্ড ডেট / শেয়ার হস্তান্তর বই বন্ধের তারিখ"** ১৪ নভেম্বর ২০২৪ তারিখ নির্ধারণ করা হয়েছে। উক্ত তারিখে যে সকল শেয়ারহোল্ডারবৃন্দের নাম কোম্পানীর শেয়ার রেজিস্টার / ডিপোজিটরি রেজিস্ট্রারে অর্ন্তভুক্ত থাকবে তাঁরা অত্র কোম্পানীর ২৮তম বার্ষিক সাধারণ সভায় যোগদান এবং ঘোষিত লভ্যাংশ প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

২. বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা নং- BSEC/CMRRCD/2009-193/08 dated March 10, 2021 এবং BSEC/ICAD/ SRIC/2024/318/09 dated January 16, 2024 পরিপালনের লক্ষ্যে কোম্পানীর আসন্ন ২৮তম বার্ষিক সাধারণ সভা হাইব্রিড পদ্ধতিতে অর্থাৎ ডিজিটাল প্লাটফর্ম (লিঙ্ক : **https://agmbd.live/hakkanipul2024)** এবং সম্মানিত শেয়ারহোল্ডারদের স্বশরীরে অংশগ্রহনের মাধ্যমে গ্রান্ড তাসফিয়া কনভেনশন হল, আনন্দিপুর , পিসি রোড, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।

৩. কোম্পানীর ২৮তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়ার যোগ্য শেয়ারহোল্ডার ইচ্ছা করলে তার পক্ষে বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়া এবং ভোট প্রদানের জন্য একজন প্রতিনিধি নিয়োগ করতে পারবেন। সেক্ষেত্রে বার্ষিক প্রতিবেদনের সাথে সংযুক্ত প্রক্সিফরম যথাযথভাবে পুরণ করে, স্বাক্ষর ও বিশ টাকার স্টাম্প সহ সভা অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত সময়ের ৪৮ ঘন্টা পূর্বে কোম্পানীর রেজিস্টার্ড অফিস ২/১০, ডি.টি. রোড, উত্তর পাহাড়তলী, চট্টগ্রামে জমা দিতে হবে অথবা ইমেইল আইডি *compliancehppml@gmail.com* এ পাঠাতে হবে।



CamScanner

৪. বিও হিসাবধারী শেয়ারহোল্ডারদের ব্যাংক হিসাব, ইমেইল আইডি, ঠিকানা এবং ই-টিন যদি দরকার হয় হালনাগাদ করার অনুরোধ করা যাচ্ছে এবং উহা ৫ ডিসেম্বর ২০২৪ তারিখ অথবা তার পূর্বে কোম্পানীর রেজিস্টার্ড অফিস ২/১০, ডি.টি. রোড, উত্তর পাহাড়তলী, চট্টগ্রামে জমা দিতে অথবা ইমেইল আইডি ***compliancehppml@gmail.com*** এ পাঠানোর অনুরোধ করা যাচ্ছে অন্যথায় আয়কর আইন ২০২৩ অনুযায়ী প্রদেয় লভাংশ হতে ১০ শতাংশের পরিবর্তে ১৫ শতাংশ হারে উৎসে কর কর্তন করা হবে।

৫. মার্চেন্ট ব্যাংক এবং ডিপোজিটরী পার্টিসিপেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস্ লিমিটেড এর শেয়ার মার্জিন লোন অধিভুক্ত তাদের বিবরনী আগামী ৫ ডিসেম্বর ২০২৪ তারিখ অথবা তার পূর্বে কোম্পানীর রেজিস্টার্ড অফিস ২/১০, ডি.টি. রোড, উত্তর পাহাড়তলী, চট্টগ্রামে জমা দিতে অথবা ইমেইল আইডি ***compliancehppml@gmail.com*** এ পাঠানোর অনুরোধ করা যাচ্ছে

৬. সম্মানিত শেয়ারহোল্ডারগণ তাদের প্রশ্ন ও মতামত সভা শুরুর ২৪ ঘন্টা পূর্বে ইলেকট্রনিক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে প্রদান করতে পারবে। ভার্চুয়াল সভায় অংশ গ্রহনের জন্য এই লিঙ্কে **https://agmbd.live/hakkanipul2024** প্রবেশ করতে হবে এবং ইউজার আইডি, বিও হিসাব নম্বর এবং পাসওয়ার্ড হিসাবে রেকর্ড ডেট এ ধারণকৃত শেয়ারের পরিমান প্রদান করতে হবে।

৭. শেয়ারহোল্ডারগণ স্বশরীরে ২৮তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহন করে ভোট প্রদান করতে পারবে। সেক্ষেত্রে সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে এজিএম অনুষ্ঠান স্থলে উপস্থিত হয়ে শেয়ারহোল্ডাগণ তাদের প্রয়োজনীয় তথ্য প্রদানের মাধ্যমে রেজিস্ট্রেশন ফরম পুরণ সহ প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে।

৮. অনলাইন প্লাটফর্মের মাধ্যমে যে সকল শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় যুক্ত হবেন তাদেরকে মিটিং শুরু হওয়ার ১৫ মিনিট পূর্বে যুক্ত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। ভার্চুয়াল সভায় অংশগ্রহনের ক্ষেত্রে প্রযুক্তিগত কোন সমস্যার সৃষ্টি হলে মোবাইল নম্বর **+8801714-087518 and +8801799-996003** এ যোগাযোগ করার জন্য অনুরোধ রইল।

৯. বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ শেয়ারহোল্ডারগণের ইমেইল ঠিকানায় প্রেরণ করা হবে। এছাড়া বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ কোম্পানীর www.hakkanigroup.com ওয়েবসাইটে পাওয়া যাবে এবং শেয়ার বিভাগ থেকে সংগ্রহ করা যাবে।

১০. বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2009-193/154 dated 24 October 2013 " অনুযায়ী আসন্ন ২৮তম বার্ষিক সাধারণ সভায় কোন শেয়ারহোল্ডারকে নগদ লভ্যাংশ, স্টক ডিভিডেন্ট ব্যাতিত কোন ধরনের সুযোগ সুবিধা প্রদান করা হবে না।

১১. পরিচালক নিয়োগ / পূণঃনিয়োগের ক্ষেত্রে কোম্পানীর সংঘবিধিতে সন্নিবেশিত নীতি অনুসরন করা হবে।

১২. সকল ক্ষেত্রে বিএসইসি এর নির্দেশনা প্রযোজ্য হবে।



CamScanner